**একই স্মারক ও তারিখ প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
(সংস্থাপন শাখা)
www.madaripur.gov.bd

নম্বর--০৫.৪১.৫৪০০.১০৮.০২.০২৬.২৫-৪৭৫

তারিখ: ২৫ কার্তিক ১৪৩২
১০ নভেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৩.১৫-১০২ নম্বর স্মারক, ২১ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৩.১৫-১১৪ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সাধারণ প্রশাসনে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য মাদারীপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | গ্রেড: ১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ০৬ (ছয়) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এবং সংশোধিত বিধিমালা, ২০২৪ এর তপশিল ২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২. | সার্টিফিকেট সহকারী | গ্রেড: ১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এবং সংশোধিত বিধিমালা, ২০২৪ এর তপশিল ২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩. | হিসাব সহকারী | গ্রেড: ১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ০২ (দুই) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এবং সংশোধিত বিধিমালা, ২০২৪ এর তপশিল ২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪. | বেঞ্চ সহকারী | গ্রেড: ১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ০২ (দুই) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>(গ) জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ এবং সংশোধিত বিধিমালা, ২০২৪ এর তপশিল ২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

### -:শর্তাবলী:-

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও মাদারীপুর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২. প্রার্থীর বয়সসীমা ৩০ ডিসেম্বর ২০২৫খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেফিট গ্রহণযোগ্য নয়। এছাড়া বয়সসীমা সংক্রান্ত সংক্রান্ত অন্যান্য প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৪. বিভাগীয়/চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে লিখিত অনুমতি গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং

উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডের নিকট দাখিল করতে হবে। বিভাগীয়/চাকরিরত প্রার্থীর আবেদনের কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০৫. লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy);

খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র/সাময়িক সনদপত্র;

গ) পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

ঘ) জাতীয় পরিচয়পত্রের মূল কপি অবশ্যই মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। তবে যাদের জাতীয় পরিচয়পত্র এখনও হয়নি তাদেরকে পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অনলাইনে নিবন্ধিত মূল জন্মনিবন্ধন সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে;

ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা/বীরঙ্গানার সন্তান হিসেবে আবেদনকারী প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত পিতার/মাতার মুক্তিযোদ্ধা/ বীরঙ্গনা সনদ;

চ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা পৌরসভার প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়নপত্র।

জ) তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঝ) শারিরীক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদপত্র।

ঞ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক এর দপ্তর কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচয়পত্র বিষয়ক সনদপত্র।

ট) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

০৬. কোটা সম্পর্কিত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

০৭. নিয়োগের ব্যাপারে কোনো সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদন গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

০৮. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টি.এ/ডি.এ দেওয়া হবে না।

০৯. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ বা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

**অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. আগ্রহী প্রার্থীগণ https://dcmadaripur.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০১ ডিসেম্বর ২০২৫ তারিখ সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখ রাত ১১:৫৯ টা।

iii. উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে Teletalk Pre-paid mobile নম্বর থেকে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময় ০১ (এক) কপি জমা দেবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার

সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk Pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দেবেন। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ০৬ (ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online- এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:**

DCMADARIPUR <space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

উদাহরণ: DCMADARIPUR ABCDEF লিখে ১৬২২২ নম্বরে পাঠান।

Reply: Applicant's Name, Tk. 112/- Will be Charged as application fee. Your PIN 12345678. To pay fee Type DCMADARIPUR <space>YES<space>PIN লিখে 16222 নম্বরে পাঠান।

**দ্বিতীয় SMS:**

DCMADARIPUR <space>YES<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে।

উদাহরণ: DCMADARIPUR YES 12345678 পাঠান 16222 নম্বরে।

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCMADARIPUR Application for post ×××××××××× User ID is (ABCDEF) and Password (XXXXXXXX)

চ. Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নেবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে। আবেদনকারী প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. প্রবেশপত্র প্রদানের বিষয়টি https://dcmadaripur.teletalk.com.bd অথবা জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর এর তথ্য বাতায়ন (www.madaripur.gov.bd) এবং প্রার্থীর মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে জানানো হবে।

ঝ. শুধু Teletalk Pre-paid মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: DCMADARIPUR<space>Help<space>User<space>User ID & ১৬২২২ নম্বরে পাঠান।

উদাহরণ: DCMADARIPUR Help User ABCDEF send করতে হবে ১৬২২২ নম্বরে।

(ii) PIN জানা থাকলে: DCMADARIPUR<space>Help<space>PIN<space>PIN NO & send 16222 নম্বরে পাঠান।

উদাহরণ: DCMADARIPUR Help PIN 12345678 send করতে হবে ১৬২২২ নম্বরে।

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. বিজ্ঞপ্তিটি দৈনিক বাংলাদেশ প্রতিদিন ও দৈনিক টেকেরহাট পত্রিকা ছাড়াও মাদারীপুর জেলার ওয়েবপোর্টাল www.madaripur. gov.bd এবং https://dcmadaripur.teletalk.com.bd অথবা QR Code স্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs. teletalk.com.bd/dcmadaripur ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.madaripur.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে। কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা

ঠ. Online-এ আবেদন alljobs.query@teletalk.com.bd বা dcmadaripur@mopa.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/ alljobsbdteletalk এ মেসেজ

এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: DCMADARIPUR, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১২. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যেকোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বি. দ্র. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া হচ্ছে।

জাহাঙ্গীর আলম
জেলা প্রশাসক
মাদারীপুর
ফোনঃ ০২-৪৭৮৮-১০৭৭৭
dcmadaripur@mopa.gov.bd

নম্বর--০৫.৪১.৫৪০০.১০৮.০২.০২৬.২৫-৪৭৫(৩০)

তারিখ: ২৫ কার্তিক ১৪৩২ / ১০ নভেম্বর ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪. উপ-মহা পুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ, ঢাকা।
০৫. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা ও সদস্য, বিভাগীয় নির্বাচন বোর্ড, ঢাকা।
০৬. সহকারী পরিচালক, পিএসিসি, ঢাকা অঞ্চল, ঢাকা ও বিভাগীয় নির্বাচন বোর্ড, ঢাকা।
০৭. প্রধান সম্পাদক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, খিলক্ষেত, ঢাকা। তাঁকে উপর্যুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ৩০ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে একবারের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
০৮. সম্পাদক, দৈনিক টেকেরহাট, তাঁতীকান্দা, রাজৈর, মাদারীপুর। তাঁকে উপর্যুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ৩০ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে একবারের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার ০৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো

০১. জেলা প্রশাসক, (সকল)।
০২. পুলিশ সুপার, মাদারীপুর।
০৩. প্রশাসক, জেলা পরিষদ, মাদারীপুর।
০৪. সিভিল সার্জন, মাদারীপর।
০৫. প্রশাসক, মাদারীপুর/কালকিনি/শিবচর/রাজৈর পৌরসভা।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর/কালকিনি/শিবচর/রাজৈর/ডাসার, মাদারীপুর।
০৭. সহাকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, মাদারীপুর।
০৮. সহকারী কমিশনার (ভূমি), মাদারীপুর সদর/কালকিনি/শিবচর/রাজৈর/ডাসার।
০৯. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. উপ-মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড ভ্যাস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং #৩/এ, ৫/এ, ৭/এ, রোড#১৭, গুলশান-১, ঢাকা-১২১২
১১. নোটিশ বোর্ড

জেলা প্রশাসক্ষ
মাদারীপুর